১৬ নভেম্বর, ২০২৫

# সিলেটে পার্কিংয়ে রাখা অ্যাম্বুলেন্স–বাসে দুর্বৃত্তদের অগ্নিসংযোগ



সংগৃহীত ছবি

সিলেটে হাসপাতালের পার্কিংয়ে রেখে দেওয়া একটি অ্যাম্বুলেন্স ও পাশের একটি বাসে আগুন ধরিয়ে দিয়েছে দুর্বৃত্তরা। সৌভাগ্যক্রমে এতে কেউ আহত হয়নি।

শনিবার (১৫ নভেম্বর) দুপুর আড়াইটার দিকে শহীদ শামসুদ্দিন আহমদ হাসপাতালের পার্কিংয়ে হঠাৎ আগুন ছড়িয়ে পড়ে অ্যাম্বুলেন্সটিতে।

সিসিটিভি ফুটেজে দেখা যায়—দুটি মোটরসাইকেলে পাঁচ যুবক পার্কিং এলাকায় প্রবেশ করে। কিছুক্ষণ পর তাদের ছোড়া আগুনেই অ্যাম্বুলেন্সটি পুড়ে যায়।

LENS ASIA